গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০২২.১৬.০০২.১৭- ৪৪০ তারিখঃ ২১/০৬/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **All Cadre PMIS-** এ রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি ও হালনাগাদের অগ্রগতি প্রসঙ্গে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.২১৬.০০.০৮৪.১৪.১০৩, তারিখঃ ১৩/ ০৬/ ২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত গত ০৬/ ০৬/ ২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদ্সঙ্গে প্রেরণ করা হল(কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, **All Cadre PMIS-** এ সড়ক ও জনপথ ক্যাডারের কর্মকর্তাদের রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি এবং হালনাগাদসহ Sanction Post & Existing Post এর তথ্যাদি আগামী ০৬ জুলাই,২০১৭ এর মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে।

২২/০৬/২০১৭
মোছাম্মাৎ ফারহানা রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৫২৫৭

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। অফিস কপি/মাস্টার কপি

অঃ প্রঃ প্রঃ, MSW

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

ডাইরী নং ৮৭৭৩ প্রঃ প্রঃ
তারিখ ২১/৬/১৭
প্রধান প্রকৌশলীর দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

এম এস ডব্লিউ স্মারক নং ৭৫০৭
তারিখঃ ৩/৭/২০১৭

তঃপ্রঃ,সওজ, প্রশাঃ ও সংঃ/এমআইএস/
এইচডিএম/আরএইচডিটিসি/ এস্টেটস/
পরিঃনিঃ ও হিঃ/ সিঃ সিঃ এনালিষ্ট।

প্রঃ কঃ

অতিঃ প্রঃ প্রঃ

ডাইরী নং ৮৪ তারিখ ৬/৭/১৭
নিঃ প্রঃ ল্যান্ড রেকর্ড/কঃ সিঃ এনালিষ্ট
নিঃ হাঃ ইঞ্জিঃ/সহঃ প্রঃ এমআইএস।

তঃ প্রঃ এমআইএস

F:\Rhe\Misc\Letter.doc

অতিরিক্ত সচিব এর দপ্তর
স্বাক্ষর
অতিঃ সঃ (প্রঃ/বাজেট)
যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন)যুগ্ম প্রধান
(উপপ্রঃ)/গেজেটেড)/নন-গেজেটেড)/ICT
ডায়েরি নং ... 7898 ... তারিখ ...

SSA(ICT)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)
www.mopa.gov.bd

**All Cadre PMIS এ রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি ও হালনাগাদের অগ্রগতি প্রসঙ্গে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: মোজাম্মেল হক খান<br>সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০৬.০৬.২০১৭ খ্রিঃ। |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট-ক |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের প্রতিনিধি ও হেল্পডেস্ক কর্মকর্তাদের স্বাগত জানান এবং সকলের সাথে পরিচিত হন। সভাপতি মহোদয় All Cadre PMIS এর প্রয়োজনীয়তাসহ সভা আহবানের উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। সভাপতির নির্দেশে অতিরিক্ত সচিব (পিএসিসি) আলোচ্যসূচী সভায় উপস্থাপন করেন।

০১। সভায় বিগত ১১/০১/১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

০৩। সভায় All Cadre PMIS বিষয়ে সকল ক্যাডারের কর্মকর্তাদের রেজিস্ট্রেশন, যাবতীয় তথ্য এন্ট্রি ও হালনাগাদ-এর বর্তমান একটি তথ্য চিত্র উপস্থাপন করা হয় । উপস্থাপিত তথ্য অনুযায়ী পূর্ব নির্ধারিত সময়সীমার মধ্যে কয়েকটি ক্যাডার লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করেছে। কয়েকটি ক্যাডারের অর্জন শতভাগের কাছাকাছি। কিন্তু কয়েকটি ক্যাডারের অগ্রগতি সন্তোষজনক নয়। কয়েকটি ক্যাডারের জনবল কাঠামো ২০১২ সালের পর হালনাগাদ করা হয়নি মর্মে দেখা যায় যা অনাকাংখিত মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

০৪। উপস্থিত কর্মকর্তাগন নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন ক্যাডার কর্মকর্তাদের রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি ও হালানাগাদ অগ্রগতির তথ্যচিত্রসহ তাদের বক্তব্য/মতামত উপস্থাপন করেন। ক্যাডারসমূহের Sanction Post ও Existing Post এর সাথে পিএসিসি উপস্থাপিত Sanction Post ও Existing Post এর সাথে কিছুটা গড়মিল পরিলক্ষিত হয়। সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় All Cadre PMIS –এর তথ্য যথাসময়ে হালনাগাদ না করার কারনে এধরনের বিভ্রাট সৃষ্টি হয়েছে মর্মে সভাকে জানানো হয়। পদায়ন, প্রশিক্ষণ, পদোন্নতিসহ সকল কাজে All Cadre PMIS ব্যবহার করা হলে ক্যাডার কর্মকর্তাগণ রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি ও হালানাগাদে আগ্রহী হবে মর্মে উপস্থিত কর্মকর্তাগন অভিমত ব্যক্ত করেন।

০৫। All Cadre PMIS –এর তথ্য পর্যালোচনা করে দেখা যায়, বিসিএস (প্রশাসন) ছাড়া অন্যান্য ক্যাডার হতে ৪৮৪ জন কর্মকর্তা উপ-সচিব পদে পদোন্নতি পেলেও সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়গুলো মাত্র ৩৭ জন কর্মকর্তার তথ্যাদি Lateral Entry এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডাটাবেইজে প্রেরণ করেছে। বাকী কর্মকর্তাদের তথ্যাদি প্রেরণ আবশ্যক মর্মে সভায় অতিরিক্ত সচিব (পিএসিসি) জানান।

সিদ্ধান্তসমূহঃ

১। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়কে তাঁদের নিয়ন্ত্রিত সকল ক্যাডার কর্মকর্তাদের রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি এবং হালনাগাদসহ Sanction Post ও Existing Post এর তথ্যাদি আগামী ০৬ জুলাই, ২০১৭ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

২। সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের যে সকল কর্মকর্তা ইতোমধ্যে উপসচিব হিসেবে পদোন্নতি পেয়েছেন তাঁদের তথ্যাদি আগামী ০৬ জুলাই, ২০১৭ এর মধ্যে Lateral Entry দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডাটাবেইজে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তীতে অন্যান্য ক্যাডার হতে উপসচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদের তথ্যাদি পদোন্নতি প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে Lateral Entry দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডাটাবেইজে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের হেল্পডেস্ক কর্মকর্তাদের হালনাগাদ তথ্য (নাম, পদবী, টেলিফোন, মোবাইল এবং ইমেইল এড্রেস) স্ব-স্ব মন্ত্রণালয়ের ওয়েব সাইটে উল্লেখ করতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। কর্মকর্তাদের পদায়ন, প্রশিক্ষণ, পদোন্নতিসহ সকল কাজে All Cadre PMIS –এর তথ্য ব্যবহার নিশ্চিত করতে হবে।

৫। All Cadre PMIS এ কর্মকর্তাদের রেজিস্ট্রেশন, তথ্য এন্ট্রি ও হালনাগাদে কোন সমস্যা অনুভূত হলে সেক্ষেত্রে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের হেল্পডেস্ক কর্মকর্তাগণ সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে তাৎক্ষণিক সমাধা করবেন।

স্বা:/-

১৩/০৬/২০১৭

(ড. মো: মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব

নং-০৫.০০.০০০০.২১৬.০০.০৮৪.১৪.১০৩

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১৩ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণের জন্য-

১। ~~সিনিয়র সচিব~~/সচিব/~~ভারপ্রাপ্ত সচিব~~

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/~~মন্ত্রণালয়~~।

২। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৩। অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৪। অতিরিক্ত সচিব, পিএসিসি-র সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

১৩/৬/১৭

( মোঃ মোছলেহ্ উদ্দিন )
সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট
ফোনঃ ৯৫৪০৪৮৫